# গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়,
# ঢাকা

## সংবাদ গতিধারা

### ঢাকা, রোববার ২৯ মে ২০১৬, ১৫ জ্যৈষ্ঠ ১৪২৩

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বাংলাদেশের সার্বিক উন্নয়নে পাশে থাকবে জাপান : প্রধানমন্ত্রী শেখ হাসিনা
২। শিক্ষার্থীদের জ্ঞান ও দক্ষতা অর্জন করতে হবে : রাষ্ট্রপতি
৩। বাজেটে শিক্ষা খাতে বড় বরাদ্দ দেওয়া হবে : অর্থমন্ত্রী
৪। বেসরকারি হাসপাতালে ন্যূনতম চার্জ নির্ধারণ করা হবে : স্বাস্থ্যমন্ত্রী
৫। বিধিবিধান মেনে স্থাপনা নির্মাণে ভূমিকম্পের ক্ষয়ক্ষতি হ্রাস সম্ভব : স্বরাষ্ট্রমন্ত্রী
৬। ইউনিয়ন পরিষদ নির্বাচন : পঞ্চম ধাপের ভোট সম্পন্ন
৭। আজ থেকে সারাদেশে টিসিবির পণ্য বিক্রি শুরু
৮। তিন দিনের সফরে ঢাকায় চীনের প্রতিরক্ষামন্ত্রী
৯। আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবস আজ
১০। বহুজাতিক প্রতিষ্ঠানগুলো বছরে ৭০০ কোটি টাকার কর ফাঁকি দিচ্ছে : অ্যাকশন এইডের প্রতিবেদন
১১। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ১০ কেজি স্বর্ণসহ যাত্রী গ্রেফতার

চলমান পাতা-২

**১। বাংলাদেশের সার্বিক উন্নয়নে পাশে থাকবে জাপান : প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

জাপানের প্রধানমন্ত্রী শিনজো আবে সার্বিক উন্নয়নে বাংলাদেশের পাশে থাকার প্রতিশ্রুতি দিয়েছেন বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, দুই দেশের মধ্যে সহযোগিতা ভবিষ্যতে আরো বাড়বে। গতকাল ২৮ মে শনিবার সকালে জাপানের নাগোয়ায় শিনজো আবের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক হয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার। পরে বিকেলে টোকিওতে বাংলাদেশের নতুন ও নিজস্ব দূতাবাস ভবনের উদ্বোধন অনুষ্ঠানে বৈঠক প্রসঙ্গে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, সার্বিক উন্নয়নে জাপান বাংলাদেশের পাশে থাকবে বলে শিনজো আবে কথা দিয়েছেন। আমরাও উন্নয়নের আরো কিছু প্রস্তাব দিয়েছি। আমি মনে করি, বাংলাদেশ ও জাপানের মধ্যে এই সহযোগিতার সম্পর্ক ভবিষ্যতে আরো গভীর হবে। সূত্র-**ভোরের কাগজ** (শেষপৃ.,ক.২), **ইত্তেফাক (পৃ.১,ক.৮), ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১)।

**জনকণ্ঠ, ইত্তেফাক, যুগান্তর, ডেইলি স্টার, ডেইলি সান, অবজারভারসহ** অধিকাংশ দৈনিক পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**২। শিক্ষার্থীদের জ্ঞান ও দক্ষতা অর্জন করতে হবে : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ সরকারের ভিশন-২০৪১ অনুযায়ী দেশকে একটি সমৃদ্ধশালী বাংলাদেশে রূপান্তর করতে জ্ঞান ও দক্ষতার মাধ্যমে নিজেদেরকে গড়ে তুলতে শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়েছেন। রাষ্ট্রপতি বলেন, বাংলাদেশ ইতোমধ্যে নিম্ন মধ্যম আয়ের দেশ হয়েছে। খুব শীঘ্রই এ দেশ মধ্যম আয়ের দেশ হবে। ফলে শিক্ষার্থীদের ভাবতে হবে ভিশন-২০৪১ অনুযায়ী কিভাবে দেশটি সমৃদ্ধশালী দেশ হতে পারে। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ গতকাল ২৮ মে শনিবার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে আয়োজিত জাতীয় শিক্ষা সপ্তাহ-২০১৬-এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**৩। বাজেটে শিক্ষা খাতে বড় বরাদ্দ দেওয়া হবে : অর্থমন্ত্রী**

বর্তমান সরকার শিক্ষা খাতে বেশি গুরুত্ব দিচ্ছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। যে কারণে আসন্ন বাজেটে শিক্ষা খাতে বড় বরাদ্দ দেওয়া হবে বলেও জানান তিনি। শিক্ষা ঋণের বিষয়ে মুহিত বলেন, আমাদের জীবনমানের উন্নয়ন হচ্ছে। এখন শিক্ষা ঋণ নিয়ে ভাবা যেতে পারে। গতকাল ২৮ মে শনিবার শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড আয়োজিত মেধাবী শিক্ষার্থীদের মাঝে বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এ কথা জানান। অনুষ্ঠানে বিভিন্ন কলেজ, মেডিকেল কলেজ ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত অসচ্ছল পরিবারের ৫ শত শিক্ষার্থীদের মাঝে বৃত্তির চেক প্রদান করা হয়। সূত্র-**ভোরের কাগজ (শেষ পৃ.,ক.৪), সংবাদ** (শেষপৃ.,ক.৪), **ডেইলি সান** (পৃ.৩,ক.২), **বাংলাদেশ টুডে** ((পৃ.১,ক.৭)।

**৪। বেসরকারি হাসপাতালে ন্যূনতম চার্জ নির্ধারণ করা হবে : স্বাস্থ্যমন্ত্রী**

আওয়ামী লীগ প্রেসিডিয়াম সদস্য, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেন, স্বাস্থ্য খাতের আরো উন্নয়নে সরকারি উদ্যোক্তাদের পাশাপাশি বেসরকারি উদ্যোক্তাদের এগিয়ে আসতে হবে। সরকারি-বেসরকারি উদ্যোক্তারা একত্রে কাজ করলে দেশ দ্রুত এগিয়ে যাবে, কাঙ্খিত লক্ষ্যে পৌঁছানো সম্ভব হবে। বেসরকারি হাসপাতাল ও ক্লিনিক মালিকদের উদ্দেশে মন্ত্রী বলেন, লক্ষ্য রাখতে হবে সেবা নিতে গিয়ে রোগীরা যাতে সর্বস্বান্ত না হয়। বেসরকারি স্বাস্থ্যসেবা আইনের মাধ্যমে বেসরকারি হাসপাতালের ন্যূনতম স্ট্যান্ডার্ড চার্জ নির্ধারণ করে দেওয়া হবে। গতকাল ২৮ মে শনিবার রাজধানীর এক হোটেলে জিএমই গ্রুপের সুবর্ণ জয়ন্তী উপলক্ষে স্বাস্থ্য মেলার উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৪)।

**৫। বিধিবিধান মেনে স্থাপনা নির্মাণে ভূমিকম্পের ক্ষয়ক্ষতি হ্রাস সম্ভব : স্বরাষ্ট্রমন্ত্রী**

যথাযথ বিধিবিধান মেনে স্থাপনা নির্মাণ করলে ভূমিকম্পের ক্ষয়ক্ষতি অনেকাংশে হ্রাস করা সম্ভব। এজন্য

সরকারের পক্ষ থেকে নানা পদক্ষেপ নেওয়া হয়েছে। রাজধানীর ফার্মগেটে কৃষিবিদ ইনস্টিটিউটে গতকাল ২৮ মে শনিবার বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদফতরের উদ্যোগে ভূমিকম্প শীর্ষক এক সেমিনার অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল এসব কথা বলেন।



ভূমিকম্পের ঝুঁকি, প্রস্তুতি ও উত্তরণের উপায় : প্রেক্ষিতে বাংলাদেশ' শীর্ষক এক সেমিনারে সচেতনতা, মতবিনিময় ও কৌশল অবলম্বনমূলক এ সেমিনারের আয়োজন করে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদফতর। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৩)।

**৬। ইউনিয়ন পরিষদ নির্বাচন : পঞ্চম ধাপের ভোট সম্পন্ন**

সংঘাত, সহিংসতা ও নানা অনিয়মের পুনরাবৃত্তি ঘটেছে পঞ্চম ধাপের ৭১৭ ইউনিয়ন পরিষদ নির্বাচনে। গতকাল ২৮ মে শনিবার দেশের ৪৫ জেলায় অনুষ্ঠিত ভোটে এসব ঘটনায় ৯ জন নিহত এবং গুলিবিদ্ধসহ আহত হয়েছে অন্তত দুই শতাধিক। স্থগিত করা হয়েছে ৫৩ কেন্দ্রের ভোট। তবে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) বলেন, ভোট সুষ্ঠু হয়েছে। গতকাল ২৮ মে শনিবার নির্বাচন কমিশন সূত্র মতে, আওয়ামী লীগ ৫০, বিএনপি ৮ ও স্বতন্ত্র ২০ জন চেয়ারম্যান পদে জয়ী হয়েছে। পঞ্চম ধাপে ৪৫ জেলার ৯৩ উপজেলায় ৭১৭ টি ইউনিয়ন পরিষদে ভোট গ্রহণ করা হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১) **জনকণ্ঠ, প্রথম আলো, ইত্তেফাক, ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টারসহ** অধিকাংশ দৈনিক পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৭। আজ থেকে সারাদেশে টিসিবির পণ্য বিক্রি শুরু**

রমজানে নিত্যপণ্যের মূল্য স্থিতিশীল রাখতে আজ ২৯ মে রোববার থেকে বাজারে সক্রিয় হচ্ছে রাষ্ট্রায়ত্ত সংস্থা ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি)। সারা দেশে ১৭৯টি ভ্রাম্যমাণ ট্রাকে টিসিবির ৫টি পণ্য বিক্রি হবে। টিসিবি চিনি, মসুর ডাল, ছোলা, সয়াবিন তেল ও খেজুর সরকার নির্ধারিত দামে বিক্রি করবে। বাজার দরের চেয়ে ১০ থেকে ২০ টাকা কম দামে এসব পণ্য বিক্রি করা হবে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৮), **অবজারভার** (শেষ পৃ.,ক.৩)।

**৮। তিন দিনের সফরে ঢাকায় চীনের প্রতিরক্ষামন্ত্রী**

তিন দিনের সফরে গতকাল ২৮ মে শনিবার ঢাকা এসেছেন চীনের প্রতিরক্ষামন্ত্রী জেনারেল চ্যাং ওয়ানকুয়ান। চীনের সঙ্গে সহযোগিতা আর অংশীদারিত্বের নতুন দিগন্তের সূচনার অংশ হিসেবে ৩৯ সদস্যের একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধিদলের নেতৃত্ব দিচ্ছেন তিনি। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান হয়। বিমানবন্দরে তাকে স্বাগত জানান বাংলাদেশ সেনাবাহিনী প্রধান জেনারেল আবু বেলাল মোহাম্মদ শফিউল হক। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.১), **ডেইলি সান (পৃ.৩,ক.১)**।

**৯। আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবস আজ**

আজ আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবস। জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে কর্মরত শান্তিরক্ষীদের স্মরণে বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও এই দিবসটি যথাযথ মর্যাদায় পালন করা হয়। জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে অংশগ্রহণকারী বিশ্বের সকল দেশের শান্তিরক্ষীদের অসামান্য অবদানকে এই দিন গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হয়। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.৪,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

**১০। বহুজাতিক প্রতিষ্ঠানগুলো বছরে ৭০০ কোটি টাকার কর ফাঁকি দিচ্ছে : অ্যাকশন এইডের প্রতিবেদন**

বাংলাদেশে বিনিয়োগের সুযোগ নিয়ে বিদেশী বহুজাতিক প্রতিষ্ঠানগুলো প্রতিবছর প্রায় ৭০০ কোটি টাকার

কর ফাঁকি দিচ্ছে। ১৮টি দ্বিপাক্ষিক চুক্তির মাধ্যমে বিশ্বের ১৫টি দেশের প্রতিষ্ঠান বাংলাদেশ থেকে এ টাকা নিয়ে যাচ্ছে। রাজধানীর ব্র্যাক সেন্টারে গতকাল ২৮ মে শনিবার অ্যাকশন এইড আয়োজিত 'দুর্বিনীত কর-আঘাত, অসমর্থিত বাজেট' বিষয়ক আলোচনা সভায় এ তথ্য তুলে ধরা হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.২), **ইত্তেফাক (শেষ পৃ.,ক.৭), সংবাদ** (পৃ.১,ক.৬)।

**১১। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ১০ কেজি স্বর্ণসহ যাত্রী গ্রেফতার**

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এক যাত্রীর কোমর থেকে ৮৪ টি স্বর্ণের বার জব্দ করেছে শুল্ক ও তদন্ত অধিদফতর। গতকাল ২৮ মে শনিবার বারগুলো জব্দ করা হয়। ওই যাত্রী কাতার হতে সকাল ৬ টায় বিমানবন্দরে অবতরণ করেন। শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদফতরের মহাপরিচালক ড. মঈনুল খান বিষয়টি নিশ্চিত করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫)।

=৪=

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো** : জাপানে অনুষ্ঠিত শিল্পোন্নত শীর্ষ সাত দেশের জোট জি-৭ এর শীর্ষ সম্মেলনে বিশ্ব অর্থনীতিকে সংকটমুক্ত করা এবং প্রবৃদ্ধিতে সহায়ক পরিবেশ, জ্বালানি, ডিজিটাল অর্থনীতি, মানবসম্পদ উন্নয়ন, শিক্ষা, বিজ্ঞান এবং প্রযুক্তি খাতে আরও বেশি বিনিয়োগের যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছে তাকে স্বাগত জানিয়ে প্রবৃদ্ধির সুফল পেতে উন্নত ও উন্নয়নশীল বিশ্বের মধ্যে ব্যবধান কমিয়ে সন্ত্রাসবাদ ও সমরসজ্জা বন্ধে নজর দেওয়ার আহ্বান।

খ. **ইত্তেফাক** : ঢাকা উত্তর সিটি করপোরেশন নিজেদের আওতাধীন এলাকায় উচ্চ ক্ষমতাসম্পন্ন সর্বাধুনিক নিয়ন্ত্রণকক্ষসহ সিসিটিভি কার্যক্রমের উদ্বোধন করেছে উল্লেখ করে বিভিন্ন ধরনের অপরাধ শনাক্তকরণে তা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা প্রকাশ।

গ. **জনকণ্ঠ** : পায়রা সমুদ্রবন্দরের কর্মক্ষমতা বাড়াতে বেলজিয়ামের একটি কোম্পানির সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে পায়রা বন্দর কর্তৃপক্ষ উল্লেখ করে সমুদ্র বন্দর ঘিরে নতুন অর্থনৈতিক অঞ্চল তৈরি করতে এ বন্দর সংক্রান্ত পরিকল্পনার যথাযথ ও দ্রুত বাস্তবায়ন প্রত্যাশা।

ঘ. **সংবাদ** : বান্দরবানের থানচির প্রত্যন্ত গ্রামগুলোতে খাদ্য সংকটে গত মার্চ থেকে ব্যাপক দুর্ভিক্ষ চলায় উদ্বেগ প্রকাশ করে জরুরি ভিত্তিতে থানচিতে পর্যাপ্ত ত্রাণসামগ্রী পাঠানোর সুপারিশ।

ঙ. **যায়যায় দিন** : আসন্ন রমজানকে সামনে রেখে নিত্যপণ্যের মূল্য বৃদ্ধি রোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

চ. **ডেইলি স্টার, সংবাদ** : জঙ্গিবাদে অর্থায়নের অভিযোগে সিঙ্গাপুরে আটক ৬ বাংলাদেশির বিচার শুরু হওয়ানো উদ্বেগ প্রকাশ করে বিশ্বের আর কোনো দেশে প্রবাসী বাংলাদেশিরা জঙ্গিবাদে সম্পৃক্ত হয়েছে কিনা সেটাও সংশ্লিষ্ট দেশগুলোর সঙ্গে সহযোগিতায় কঠোর নজরদারির সুপারিশ।

ছ. **ডেইলি সান** : নারীদের মাতৃত্বকালীন সময়টা যাতে নিরাপদ ও সুস্থ অবস্থায় অতিক্রান্ত হয় সেব্যাপারে সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

জ. **নিউজ টুডে** : স্কুলে, কোচিং সেন্টারে, নিজ গৃহে অতিরিক্ত পড়াশুনায় ও মোবাইল,কম্পিউটারে গেমসে আসক্ত হওয়ায় শিশুদের চোখে মাইনাস পাওয়ার বেড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে অভিভাবকদের উন্মুক্ত স্থানে শিশুদের বিনোদনের ব্যবস্থা করে দেওয়ার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে বেসরকারি ব্যাংকের আগ্রাসী ব্যাংকিং ব্যবস্থা নিয়ন্ত্রনে সার্বিক ব্যবস্থাপনায় পেশাদারি মনোভাব বৃদ্ধি ও সংহতকরণের ওপর জোর দিতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'বাজেট ও কর্মসংস্থান'** শিরোনামের নিবন্ধে হায়দার আহমদ খান এফসিএ দারিদ্র্য বিমোচনে দীর্ঘমেয়াদী পরিকল্পনার পাশাপাশি স্বল্পমেয়াদী পন্থায় কর্মসংস্থান সৃষ্টি করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা